



তথ্যবিবরণী

নম্বর-১৮৪

রাজশাহীতে জাতীয় গ্রন্থাগার দিবসের কর্মসূচি

রাজশাহী, ২১ মাঘ (০৪ ফেব্রুয়ারি):

আগামীকাল বুধবার (০৫ ফেব্রুয়ারি) জাতীয় গ্রন্থাগার দিবস। দিবসটির এবারের প্রতিপাদ্য- 'সমৃদ্ধ হোক গ্রন্থাগার, এই আমাদের অঙ্গীকার'। যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদ্‌যাপনের লক্ষ্যে রাজশাহী বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার নানা কর্মসূচি গ্রহণ করেছে।

দিবসটি উপলক্ষে ওইদিন সকাল সাড়ে নয়টায় জেলা প্রশাসকের কার্যালয় চত্বর হতে এক বর্ণাঢ্য র্যালি বের হয়ে ভেট্রীপাড়া মোড় প্রদক্ষিণ শেষে আবার জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে শেষ হবে। র্যালি শেষে গ্রন্থাগার দিবসের প্রতিপাদ্যকে কেন্দ্র করে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হবে। আলোচনা সভা বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণকারী বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেয়া হবে।

.....
তৌহিদ/আতিক/আলীম/রুহুল/হালিম/১০.১৫ঘ.